অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2024 **গভর্নর ক্যাথি হোকল**

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের সপ্তম রাউন্ড এবং NY ফরওয়ার্ড কর্মসূচির দ্বিতীয় রাউন্ডে নিউ ইয়র্ক সিটির বিজয়ীদের সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

লং আইল্যান্ড সিটি ডাউনটাউন সংস্কার উদ্যোগ থেকে 10 মিলিয়ন ডলার পাবে; হাডসন স্কয়ার NY ফরওয়ার্ড কর্মসূচি থেকে 4.5 মিলিয়ন ডলার পাবে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ অর্থনৈতিক উন্নয়ন এবং কমিউনিটির সমৃদ্ধি সংক্রান্ত স্টেটের সমন্বিত কৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ

100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি নিউ ইয়র্কের ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থনে সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) সপ্তম রাউন্ডে নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক বিজেতা হিসেবে লং আইল্যান্ড সিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পাবে এবং সেইসাথে এবছরের নিউ ইয়র্ক সিটি NY ফরওয়ার্ড (NY Forward) কর্মসূচির বিজেতা হিসেবে হাডসন স্কয়ার 4.5 মিলিয়ন ডলার পাবে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের রাউন্ড 7-এর জন্য, স্টেটের 10টি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 100 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"সেই সিটি যা কখনই ঘুমায় না, সেখানে স্টেট যে কখনই কোনও অবস্থাতেই ঘুমায় না তা প্রমাণ করার জন্য আমরা আর এক রাউন্ড বিনিয়োগ শুরু করছি। নিউ ইয়র্কের ডাউনটাউনগুলিতে - বড় এবং ছোটো - নতুন শক্তি এবং উদ্দীপনা দিতে আমরা নিরলস কাজ করা অব্যাহত রাখব - যেহেতু তারা হল আমাদের অত্যাবশ্যক ঐক্যবদ্ধ শক্তি," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ এবং NY ফরোয়ার্ড এর মাধ্যমে, লং আইল্যান্ড সিটি এবং হাডসন স্কয়ার এর এখন তাদের ডাউনটাউনগুলির মধ্যে নবশক্তি সঞ্চার করার এবং সেখানকার অধিবাসীদের এবং যারা ভিজিট করবেন তাদের জীবনযাত্রার মান উন্নত করার উন্মাদনা এবং সুযোগ থাকবে।"

সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) গতিশীলতার সঙ্গে যোগ হয়ে, 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি DRI-এর মতো একই কিন্তু নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করেছে। উভয়টিই ডাউনটাউনের আরো সমতাপূর্ণ পুনরুজ্জীবিতকরণে সহায়তা করার জন্য কৌশলগত পরিকল্পনার সঙ্গে অবিলম্বে প্রকল্প বাস্তবায়নের সম্মিলন ঘটাবে।ডাউনটাউন সংস্কার উদ্যোগ এবং NY ফরোয়ার্ড প্রতিটির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়ার ব্যাপারে গভর্নরের গত বছরের অঙ্গীকারের মধ্য দিয়ে, স্টেট বর্তমানে উভয় প্রোগ্রাম শুরুর সময় থেকে মোট 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। গভর্নর তার 2025 অর্থবছরের নির্বাহী বাজেটে প্রতিটি কর্মসূচির জন্য আরো 100 মিলিয়ন ডলার করে, মোট 200 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার প্রস্তাব করেছেন।

লং আইল্যান্ড সিটির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অনুদান
নিউ ইয়র্ক সিটির একটি ভৌগোলিক এবং পরিবহন কেন্দ্রে অবস্থিত, লং আইল্যান্ড সিটি, একটি বৈচিত্র্যময় শিল্প-কারখানার আখড়া এবং ভালো বেতন যুক্ত চাকরির জন্য একটি গুরুত্বপূর্ণ ইকোনমিক জেনারেটর। এটি একটি অন্যতম দ্রুত বর্ধনশীল আবাসিক জনসংখ্যা, নতুন উনুত প্রস্তুতকারী, প্রযুক্তি এবং লাইফ সায়েন্স সেক্টর, একটি সম্প্রসারিত ব্যবসায়িক উন্নতিকরণ ডিস্ট্রিক্ট, বৃহৎ এবং উচ্চ উৎপাদনশীল শিল্পের ব্যবসায়িক বলয় এবং একটি প্রানবন্ত সাংস্কৃতিক এবং শিল্পকলা সম্প্রদায় সহ একটি মিশ্র-ব্যবহৃত ডিস্ট্রিক্ট হিসেবে অনন্য ভাবে সংজ্ঞায়িত। যেখানে লং আইল্যান্ড সিটির নির্দিষ্ট কিছু ভৌগোলিক অঞ্চল এবং সেক্টর উন্নয়ন এবং বেসরকারি বিনিয়োগ প্রত্যক্ষ করছে, সেখানে অন্যান্য অঞ্চল এবং সেক্টরগুলি অনাবাদি পড়ে আছে। এই অসম উন্নয়ন বহুমুখী-ব্যবহারের চরিত্র এবং সমগ্র সম্প্রদায় ও বৃহত্তর অঞ্চলের অর্থনৈতিক মঙ্গলকে হুমকির সম্মুখীন করেছে। এই প্রতিকূলতা এবং সুযোগগুলি পূরণ করতে, DRI অনুদানটি লং আইল্যান্ড সিটির ক্রমবর্ধমান সম্প্রদায়ের সম্পদগুলিকে সর্বাধিক করতে ব্যবহৃত হবে এবং একটি বাসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক, বহুমুখী-ব্যবহারের সম্প্রদায় এবং ডাউনটাউন গন্তব্যস্থল তৈরি করতে বেসরকারি বিনিয়োগ পরিচালনা করবে।

হাডসন স্কয়ার এর জন্য 4.5 মিলিয়ন মার্কিন ডলার NY ফরোয়ার্ড পুরস্কার
হাডসন স্কয়ার ম্যানহাতনের পশ্চিম দিকে, একটি আনুমানিক 33-স্কয়ার ব্লক অঞ্চল। অঞ্চলটি মূলত একটি বাণিজ্যিক অঞ্চল যেখানে 12 মিলিয়ন বর্গ ফুটের বেশি অফিস স্পেস রয়েছে। এর দীর্ঘ শিল্প সংক্রান্ত ইতিহাসের কারণে, হাদসন স্কয়ারের রাস্তাগুলি লোকজন চলাচলের চেয়ে পণ্যদ্রব্য এবং যানবাহন চলাচলের জন্য বেশি উপযোগী। উপরন্তু, সোহো, দ্যা ওয়েষ্ট ভিলেজ এবং ট্রিবেকা সহ নিম্ন ম্যানহাটান এর পার্শ্ববর্তী অংশগুলি থেকে অঞ্চলটিকে ঐতিহাসিকভাবে বিচ্ছিন্ন করা হয়েছে। NY ফরোয়ার্ড অনুদানটি স্থানীয় ব্যবসাগুলি বেড়ে উঠতে সহায়তা করবে, যা বসবাসের সুযোগ বাড়াবে এবং ডিস্ট্রিক্টটিকে সংশ্লিষ্ট সম্প্রদায়গুলির সাথে সংযুক্ত করবে।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেছেন, "নিউ ইয়র্ক সিটি যে কোনো কিছু এবং সবকিছুর পীঠস্থান, আর সেই কারণেই আমাদের বৈচিত্রময় অঞ্চলগুলি রক্ষণাবেক্ষণ, সংরক্ষণ এবং উন্নত করে তোলা এত গুরুত্বপূর্ণ। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ এবং দ্যা নিউ ইয়র্ক ফরোয়ার্ড প্রোগ্রাম আমাদের সম্প্রদায়গুলির অনন্যতা কাজে লাগানো এবং

লোকজনের কাজ করার, বসবাস করার এবং খেলাধুলো করার একটি আরও উজ্জ্বল গন্তব্য তৈরি করার জন্য ডিজাইন করা হয়েছে। লং আইল্যান্ড সিটি এবং হাডসন স্কয়ারকে অভিনন্দন। ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) তোমাদের অগ্রগতি দেখার জন্য উন্মুখ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেছেন, "লং আইল্যান্ড সিটি তার শশব্যস্ত শিল্প-কারখানা এবং সমৃদ্ধ সংস্কৃতি সহ, ইতিমধ্যেই একজন অর্থনৈতিক পরিচালক এবং নিউ ইয়র্ক সিটি মেট্রো অঞ্চলের মধ্যে একটি বাসযোগ্য কেন্দ্র। এই 10 মিলিয়ন ডলার DRI অনুদান, রূপান্তরকারী বিনিয়োগগুলিকে সমর্থন করে LIC-র গতিময়তা যোগ করবে যা একটি আরো অন্তর্ভুক্তিমূলক এবং সংযুক্ত বহুমুখী-ব্যবহারের সম্প্রদায় তৈরি করবে। উপরন্তু, হাডসন স্কয়ার এর জন্য 4.5 মিলিয়ন ডলার NY ফরোয়ার্ড পুরস্কার বসতি এবং বাণিজ্যিক বিভাজনের মধ্যে সেতুবন্ধন করবে এবং উন্নতি করতে থাকা এই নিম্ন ম্যানহাটান ডিস্ট্রিক্টের সম্ভাবনা বন্ধনমুক্ত করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "লং আইল্যান্ড সিটি এবং হাডসন স্কয়ারের জন্য স্টেটের 14.5 মিলিয়ন ডলার অনুদান কুইন্স এবং ম্যানহাটনের জমিতে সম্প্রদায়ের তাদের দ্বারা অগ্রাধিকার হিসেবে শনাক্ত কৌশলগতভাবে পরিকল্পনা করা প্রকল্পগুলিতে বিনিয়োগ হবে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ এবং NY ফরোয়ার্ড প্রোগ্রামের জন্য গভর্নর হোকল এর অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ, যা স্থানীয় অর্থনীতিগুলিকে উন্নত করেছে এবং এম্পায়ার স্টেট জুড়ে অঞ্চলগুলিকে সমৃদ্ধ করে তুলেছে।"

নিউ ইয়র্ক সিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ (New York City Regional Economic Development Council) এর সহ-সভাপতি এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (City University of New York) চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতস রডরিগেজ বলেছেন, "DRI পুরস্কারগুলি এই প্রগতিশীল নিউ ইয়র্ক সিটি অঞ্চলের প্রাণবন্ত সম্ভাবনাকে প্রতিফলিত করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক, শহুরে সংলগ্নতার বহুমুখী-ব্যবহারের মডেল হিসেবে এর ভবিষ্যৎকে উজ্জ্বল করে তুলতে বিনিয়োগকে উৎসাহিত করবে। একই ভাবে, হাডসন স্কয়ারকে 4.5 মিলিয়ন ডলার NY ফরোয়ার্ড পুরস্কার, এর বাণিজ্যিক ডিস্ট্রিক্ট জুড়ে এবং আশেপাশের সম্প্রদায়ের সাথে সংহতি এবং একীকরণ উন্নত করবে এবং অঞ্চলটিকে নিম্ন ম্যানহাটানের জন্য একটি অর্থনৈতিক কেন্দ্র করে তুলবে।"

হাডসন স্কয়ার ব্যবসায়িক উন্নয়ন ডিস্ট্রিক্ট (Hudson Square Business Improvement District) প্রেসিডেন্ট এবং সিইও সামারা কারাসেক বলেছেন, "আমাদের অঞ্চলটিকে সবুজ রাস্তার দৃশ্য এবং প্রাণবন্ত সবর্জনীন স্থান সহ একটি পথচারী-বান্ধব এবং অভ্যর্থনামূলক সম্প্রদায়ে রূপান্তরিত করতে হাডসন স্কয়ার ব্যবসায়িক উন্নয়ন ডিস্ট্রিক্টের অব্যাহত প্রয়াসকে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation) কাছে অত্যন্ত কৃতজ্ঞ। NY ফরোয়ার্ড অনুদান আমাদের আরো কর্মী, আবাসিক এবং ভিজিটরদের আকৃষ্ট করতে সক্ষম করবে - যা সৃজনশীলতা এবং উদ্ভাবনের জন্য আমাদের স্থানীয় কেন্দ্রকে উন্নত করে তুলবে এবং নিউ ইয়র্কের সামগ্রিক অর্থনীতিতে অবদান রাখবে।"

নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (New York City Regional Economic Development Council) এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া সাতটি প্রস্তাবের সবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং এসব কমিউনিটি সম্পর্কে সুপারিশ করার আগে নিচের সবগুলো শর্ত বিবেচনা করেছে:

- ডাউনটাউনটিকে সুস্পষ্ট সীমানা সহ নিবিড় হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্প সনাক্ত করেছে যা NY ফরোয়ার্ড তহবিল লাভ করলে অল্প সময়ে বাস্তবায়নের জন্য প্রস্তুত হবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

লং আইল্যান্ড সিটি স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ করে এর ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করতে এবং দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির নতুন সুযোগ সৃষ্টি করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাবে। লং আইল্যান্ড সিটি, জামাইকা, বঙ্কস, ডাউনটাউন ব্রুকলিন, স্টেটেন আইল্যান্ড, চায়নাটাউন এবং ইষ্ট হারলেমের সাথে যোগদান করে যারা নিউ ইয়র্ক সিটির প্রথম ছয় DRI রাউন্ডগুলির বিজেতা।

লং আইল্যান্ড সিটি 10 মিলিয়ন মার্কিন ডলার DRI তহবিল থেকে 300,000 মার্কিন ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিল ব্যবহার করে এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা

ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI এর সপ্তম রাউন্ডের পরিকল্পনাগুলো 2024 সালে সম্পন্ন হবে।

হাডসন স্কয়ার এখন তাদের শহরতলিগুলি পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগের পরিকল্পনা তৈরির প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি এই প্রয়াসের নেতৃত্ব দিবে, বেসরকারি খাতের অভিজ্ঞ ব্যক্তি ও স্টেটের পরিকল্পনাকারীদের একটি দল তাদের সাহায্য করবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

কর্মসূচিটির প্রথম ছয় বছরে স্টেট পুনরুজ্জীবনের জন্য সুপরিণত এবং পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনীতি এবং আবাসন বৈচিত্র্য ও সুযোগের চৌম্বকক্ষেত্রে পরিণত হওয়ার সম্ভাবনায় পূর্ণ 69টি ডাউনটাউন 700 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। DRI সম্পর্কে আরও তথ্য এখানে উপলব্ধ।

NY ফরওয়ার্ড কর্মসূচি সম্পর্কে

NY ফরোয়ার্ড স্টেটের অর্থনৈতিক উন্নয়ন নীতির একটি কেন্দ্রীয় উপাদান। কর্মসূচিটি পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে DRI এর সাথে একত্রে কাজ করে যাতে আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা

নির্বিশেষে সকল কমিউনিটি স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে। উভয় কর্মসূচি স্টেটের প্রত্যেক অঞ্চলে এমন অতি গুরুত্বপূর্ণ কিছু প্রাণবন্ত ডাউনটাউন তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশ, জীবনযাত্রার মান এবং আর্থসামাজিক বৈচিত্র্য উন্নত করছে।

তহবিল পাওয়ার পর, নিউ ইয়র্ক ফরোয়ার্ড কমিউনিটিসমূহ রূপান্তরমূলক, সম্পূরক এবং বাস্তবায়নের জন্য প্রস্তুত প্রকল্পের একটি তালিকাসহ একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা গঠন করতে একজন পেশাদার পরিকল্পনা উপদেষ্টা এবং স্টেট এজেন্সি অভিজ্ঞদের একটি দল কর্তৃক সমর্থিত হয় যাদের নেতৃত্বে থাকবে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State, DOS)। NY ফরোয়ার্ড প্রকল্পসমূহ প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ মাত্রার হয়ে থাকে; প্রকল্পসমূহের মধ্যে ভবন সংস্কার ও পুনর্গঠন, নতুন বা উন্নত পাবলিক স্পেস নতুন করে নির্মাণ বা তৈরি করা এবং এইসব মিউনিসিপ্যালিটির পরিচিতি যে ছোট শহরের চারুতা তাকে সংজ্ঞায়িত ও অনন্য করে রাখা বিশেষ সাংস্কৃতিক এবং ঐতিহাসিক গুণকে বৃদ্ধি করার অন্যান্য প্রকল্প।

এসব কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা এবং প্রকল্প একটি স্থানীয় পরিকল্পনা কমিটির মধ্য দিয়ে যায়, যেটি ব্যাপক পরিসরে কমিউনিটিতে প্রচার-প্রসার ও সম্পৃক্ততার কাজ করে থাকে। এছাড়াও ডিপার্টমেন্ট অব স্টেট বিস্তৃত পরিসরে প্রযুক্তিগত সহায়তা এবং সক্ষমতা গড়ে তোলার ওয়েবিনার প্রদান করে থাকে — DRI কমিউনিটিগুলোর কর্মী, বিশেষজ্ঞ এবং সহকর্মীদের অংশগ্রহণে — যেগুলো এমন কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য কাজ করে যেসব কমিউনিটিতে বৃহত্তর, অধিকতর শহুরে কমিউনিটিগুলোর মতো সম্পদ ও সক্ষমতা থাকে না।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন